28T MBEN

# 2018

# BENGALI

## (MODERN INDIAN LANGUAGE)

## (NEW & OLD COURSE)

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

***The figures in the margin indicate full marks for the questions.***

**GROUP–A (NEW COURSE)**
**Page No. 1 – 6 Q. No. 1 – 11**

**GROUP–B (OLD COURSE)**
**Page No. 7 – 11 Q. No. 1 – 10**

**NEW COURSE**

| | | |
|---|---|---|
| *Q. No. 1 carries 1 mark each* | | 1×2=2 |
| *Q. No. 2 carries 1 mark each* | | 1×9=9 |
| *Q. No. 3 carries 2½ marks each* | | 2½×2=5 |
| *Q. No. 4 carries 3 marks each* | | 3×2=6 |
| *Q. No. 5 carries 3 marks each* | | 3×4=12 |
| *Q. No. 6 carries 3 marks each* | | 3×3=9 |
| *Q. Nos. 7 **(a+b)** carries 4 marks each* | | 4×2=8 |
| *Q. No. 8 **(a+b)** carries 9 marks* | | 4+5=9 |
| *Q. No. 9 carries the following marks* | | |
| | *(a)* | 1×5=5 |
| | *(b)* | 1×5=5 |
| *Q. No. 10 carries the following marks* | | |
| | *(a)* | 1×4=4 |
| | *(b)* | 2×4=8 |
| | *(c)* | 3×2=6 |
| | *(d)* | 1×2=2 |
| *Q. No. 11 carries 10 marks* | | 1×10=10 |
| | | Total = 100 |

**OLD COURSE**

| | | |
|---|---|---|
| *Q. No. 1 carries 1 mark each* | | 1×2=2 |
| *Q. No. 2 carries 1 mark each* | | 1×8=8 |
| *Q. No. 3 carries 2 marks each* | | 2×2=4 |
| *Q. No. 4 carries 3 marks each* | | 3×3=9 |
| *Q. No. 5 carries 3 marks each* | | 3×2=6 |
| *Q. No. 6 carries 4 marks each* | | 4×2=8 |
| *Q. Nos. 7 **(a+b)** carries 9 marks* | | 4+5=9 |
| *Q. No. 8 **(a+b)** carries 9 marks* | | 4+5=9 |
| *Q. No. 9 carries the following marks* | | |
| | *(a)* | 1×4=4 |
| | *(b)* | 3×2=6 |
| | *(c)* | 1×4=4 |
| | *(d)* | 2×2=4 |
| | *(e)* | 1×2=2 |
| *Q. No. 10 carries total 25 marks* | | |
| | *(a)* | 1×15=15 |
| | *(b)* | 1×10=10 |
| | | Total = 100 |

## GROUP–A

### (For New Course)

১। অর্থ লেখো ঃ (ক) ত্বরায় *অথবা* প্রসন্নতা ১

(খ) স্বদেশ *অথবা* ছ্যাক্ড়া গাড়ি ১

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৯=৯

(ক) গোবিন্দদাসের আদি পদবি কী ছিল?

(খ) 'কৃপণ' কবিতাটি রবীন্দ্রনাথের কোন্ কাব্যের অন্তর্গত?

(গ) অষ্টাপদ শব্দের অর্থ কী?

(ঘ) 'স্বাদেশিকতা' প্রবন্ধটি কার লেখা?

(ঙ) 'ভাত' গল্পটির লেখিকা কে?

(চ) গ্যালভানি কোন দেশের নাগরিক ছিলেন?

(ছ) গোঁসাইগঞ্জে কে স্কুল স্থাপন করেছিলেন?

(জ) 'কৈশোরকাল ও তার উপযোগী' শিক্ষা কার লেখা?

(ঝ) মূল্যবোধ কোনো ______ গুণ নয়।

(শূন্যস্থান পূর্ণ করো।)

$২\frac{১}{২}+২\frac{১}{২}=৫$

৩। সংক্ষেপে লেখো ঃ

(ক) সোয়ার্জ কী আবিষ্কার করেছিলেন? সেটির ব্যবহার সার্থক হয়েছিল কী?

(খ) ব্রজমাস্টারের ইংরাজি জ্ঞানের সম্যক্ পরিচয় দাও।

৩+৩=৬

৪। টীকা লেখো ঃ

(ক) সারি-জারি *অথবা* দধিচী।

(খ) নবীন সেন *অথবা* দিসাং নদী।

৪×৩=১২

৫। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ

(ক) "উভয় মাস্টারের পরস্পরের প্রতি এই তীব্র অপবাদ প্রয়োগের ফল এই হইল, উভয় গ্রামই স্ব স্ব মাস্টারের অসাধারণ পাণ্ডিত্য সম্বন্ধে সন্দিহান হইয়া উঠিল" —

(i) উদ্ধৃতাংশটি কোন পাঠের?

(ii) উভয় মাস্টার কে কে?

(iii) তাঁরা কে কোথা থেকে এসেছেন?

(iv) 'উভয় গ্রামই' কোন কোন গ্রাম?

(খ) লক্ষ্মীনাথ বেজবরুয়ার সময় আসামের রাজধানী কোথায় ছিল? পাঠে উল্লিখিত শিবসাগরের *তিনটি* দেউলের নাম উল্লেখ করো।

(গ) কার উদ্যোগে রবীন্দ্রনাথদের স্বাদেশিকতার সভা গঠিত হয়েছিল? এই সভার সভাপতি কে ছিলেন? সভার সদস্যরা তাঁদের আয়ের কত অংশ, কী উদ্দেশ্যে দান করতেন?

(ঘ) 'ফুলের বিবাহ' বঙ্কিমচন্দ্রের কোন গ্রন্থের অন্তর্গত? কোন মাসের, কত তারিখ এই বিয়ে সম্পন্ন হয়েছিল? এই বিয়ের ঘটক কে ছিলেন?

(ঙ) পাঁচুর অসংলগ্ন কথাবার্তার পরিচয় দাও।

৬। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) "পর-ধন-লোভে মত্ত, করিনু ভ্রমণ
পরদেশে, ভিক্ষাবৃত্তি কুক্ষণে আচরি।" —
তাৎপর্য বিশ্লেষণ করো।

(খ) "কু-কথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ
কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ" —
পংক্তিদুটিতে দ্ব্যর্থবোধক ভাষায় যে কথা বলা হয়েছে, তা স্পষ্ট করো।

(গ) "আমায় কিছু দাও গো" বলে বাড়িয়ে দিলেম হাত —

পংক্তিটি কোন কবিতার? কে, কার কাছে, কেন হাত পেতেছিল?

(ঘ) "শিখাও আমায়
সে পুণ্য রহস্যমন্ত্র — মার মহিমায়"
কে, কাকে এই কথা বলেছেন? 'রহস্যমন্ত্র' বলতে কী বোঝান হয়েছে?

৭। উত্তর দাও — ৪×২=৮

(ক) মূল্যবোধ শিক্ষা আমাদের কী প্রয়োজন সাধন করে? বিস্তারিত লেখো।

*অথবা*

*যে কোনো দুটি* মূল্যবোধ সম্পর্কে আলোচনা করো।

(খ) কৈশোরকালের *যে কোনো দুটি* বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

*অথবা*

কী ধরনের শিক্ষাব্যবস্থা কৈশোরকালের উপযোগী? উদাহরণসহ বর্ণনা করো।

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ ৪+৫=৯

(ক) তবু ফুটাতেছ' ফুল, জ্বালিছ আলোক
উজলিয়া রাত্রিদিন দ্যুলোক ভূলোক।।

*অথবা*

আমার দেবতার থানে তুমি বটের ঝুরিতে সুতো বাঁধো আমি তোমার পীরের দরগায় চেরাগ জ্বালি।

(খ) তাহলে আর টাকার দরকার হবে না পোদ্দার। গয়নাগুলো তুমি ফেরত দিয়া দাও।

*অথবা*

এই ক্ষুদ্র ঘটনায় এবং একটু হাসিতে পাইয়া রতির ভয়ে অভিভূত ভাবটা কাটিয়া গেল।

৯। ক-অংশ ও খ-অংশ থেকে ***একটি*** করে প্রশ্নের উত্তর দাও ঃ ৫+৫=১০

(ক) 'অভিসারের পূর্ব-প্রস্তুতি' পদটির সারসংক্ষেপ তৈরি করো।

*অথবা*

নজরুলের সাম্যবাদী চেতনার আলোকে 'কুলি-মজুর' কবিতাটি বিশ্লেষণ করো।

(খ) 'ভাত' গল্পের মূল বিষয় উচ্ছবের খিদে। যুক্তিসহ আলোচনা করো।

*অথবা*

গোলাপের সঙ্গে বিয়ে স্থির হওয়ার আগে মল্লিকার পিতা কোন্ কোন্ পাত্রের কথা বিবেচনা করেছিলেন? সেগুলি কেন কার্যকর হয়নি?

১০। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) নিচের ***যে কোনো চারটি*** প্রবাদ-প্রবচনের অর্থ লেখো ঃ ১×৪=৪

অতি দর্পে হত লঙ্কা; অল্পবিদ্যা ভয়ঙ্করী; লোভে পাপ, পাপে মৃত্যু; উদোর পিণ্ডি বুধোর ঘাড়ে; অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট;

(খ) নিচের ***যে কোনো চারটি*** বাগ্‌বিধির অর্থ লেখো ও বাক্যরচনা করো ঃ ২×৪=৮

খয়ের খাঁ; অমাবস্যার চাঁদ; বিড়াল তপস্বী; চোখের বালি; কলুর বলদ; পুকুর চুরি।

(গ) নিচের ***যে কোনো তিনটির*** সমাস নির্ণয় করো ঃ ৩×২=৬

উপকূল; সিংহাসন; অমিল; মশামাছি; চৌরাস্তা।

(ঘ) নিচের ***যে কোনো দুটি*** শব্দের ***দুটি*** করে প্রতিশব্দ লেখো ঃ ২

আকাশ; রাজা; সাপ; পৃথিবী।

১১। ***যে কোনো একটি*** বিষয়ে রচনা লেখো ঃ ১০

(ক) অসমের বন্যা ও তার প্রতিকার

(খ) তোমার প্রিয় সাহিত্যিক

(গ) বিজ্ঞান — আশীর্বাদ না অভিশাপ?

(ঘ) গ্রন্থাগার।

## GROUP–B

### (For Old Course)

১। অর্থ লেখো ঃ (ক) কন্দর *অথবা* পরিত্রাণ ১+১=২

(খ) প্রাঙ্গণ *অথবা* অন্ডজ

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) 'রূপাই' কবিতাটি কার লেখা?

(খ) 'রূপসী বাংলা' কাব্যটি কত সালে প্রকাশিত হয়েছিল?

(গ) নবী কাদের বলে?

(ঘ) William Beebe রচিত গ্রন্থখানির নাম কী?

(ঙ) গুরুচরণের ছেলের নাম কী?

(চ) মঙ্গলা কে?

(ছ) 'কৈশোরকাল ও তার উপযোগী শিক্ষা' পাঠটির লেখক কে?

(জ) ১৯৭৯ সালে রাষ্ট্রীয় শিক্ষা এবং গবেষণা পরিষদ কত প্রকার মূল্যবোধের তালিকা প্রস্তুত করেছেন?

৩। টীকা লেখো ঃ ২+২=৪

(ক) কনফুসিয়াস্ *অথবা* বেহুলা

(খ) নিউম্যান *অথবা* ডারউইন

৪। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) "এক শ্রেণীর কুযুক্তির ইংরাজী নাম begging the question," — কোন পাঠ থেকে গৃহীত? 'begging the question'-এর অর্থ কী?

(খ) বিমলের জেল হয়েছিল কেন?

(গ) "এক বিষয়ে কিন্তু উভয়ের মিলও ছিল।" —

কার কার কথা বলা হয়েছে? উভয়ের কোন মিলের কথা বলা হয়েছে?

(ঘ) "তোমাদের ক্ষুৎপিপাসা আছে — আমাদের কি নাই।" —

কে, কাকে এই কথা বলেছে? তার বক্তব্যের সমর্থনে সে কী যুক্তি দিয়েছিল সংক্ষেপে লেখো।

৫। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩× ২=৬

(ক) 'বাংলার মুখ আমি দেখিয়াছি' —

কবিতায় উল্লেখ আছে এমন *তিনটি* পাখির নাম উল্লেখ করো।

(খ) 'বাইবেল' কাদের ধর্মগ্রন্থ? এটি সম্পর্কে যা জান লেখো।

(গ) 'রূপাই' কবিতার শেষ স্তবকে রূপাইর যে গুণাবলি বর্ণিত হয়েছে তা তোমার নিজের ভাষায় লেখো।

৬। **ক-অংশ** থেকে *একটি* এবং **খ-অংশ** থেকে *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪× ২=৮

(ক) মূল্যবোধ বলতে কী বোঝ? পাঠ্যাংশ অবলম্বনে *যে কোনো এক* প্রকার মূল্যবোধের সম্পর্কে লেখো।

*অথবা*

মূল্যবোধ শিক্ষা আমাদের জীবনে কতখানি আবশ্যক বলে তুমি মনে করো। যুক্তিসহ তোমার বক্তব্য তুলে ধরো।

(খ) কৈশোরকালের মানসিক ও নৈতিক বিকাশের বিষয়ে বিস্তারিত লেখো।

*অথবা*

শিশু বিকাশের ধারাকে রুশো কয়ভাগে ভাগ করেছিলেন? সেগুলো কী কী? কৈশোরকাল শিশু বিকাশের কোন স্তরে পড়ে?

৪+৫=৯

৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ

(ক) যারে তুমি নীচে ফেল সে তোমারে বাঁধিবে যে নীচে,

পশ্চাতে রেখেছ যারে সে তোমারে পশ্চাতে টানিছে।

*অথবা*

কালোয় যে জন আলো বানায়, ভুলায় সবার মন,

তারি পদরজের লাগি লুটায় বৃন্দাবন।

(খ) গত একশ দেড়শ বৎসরের মধ্যে এক নূতন রকম আপ্তবাক্য সকল দেশের জনসাধারণকে অভিভূত করেছে — বিজ্ঞাপন।

*অথবা*

অধর্ম চোরের নহে — চোরে যে চুরি করে সে অধর্ম কৃপণ-ধনীর।

৪+৫=৯

৮। উত্তর লেখো ঃ

(ক) "এই হৃদয়ের চেয়ে বড় কোনো আর

মন্দির — কাবা নাই।"

উদ্ধৃতাংশটির আলোকে নজরুলের সাম্যবাদী চেতনার পরিচয় দাও।

*অথবা*

'দুর্ভাগা দেশ' কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

(খ) প্রমাণ কাকে বলে? প্রমাণ কয় প্রকার ও কী কী? বৈজ্ঞানিকগণ সত্য নির্ণয়ের জন্য কীরূপ প্রমাণের উপর নির্ভর করেন, তা আলোচনা করো।

*অথবা*

নরেশ ও পরেশ কীভাবে পল্টুকে সুস্থ করে তোলার চেষ্টা করেছিলেন লেখো।

৯। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) সূত্র নির্দেশ করে *যে কোনো চারটির* সন্ধি বিচ্ছেদ করো ঃ ১×৪=৪

শুভেচ্ছা ; মহাজন ; রবীন্দ্র ; নরেশ ; জগবন্ধু ; শতেক

(খ) ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ *(যে কোনো তিনটি)* ৩×২=৬

অতীন্দ্রিয় ; উপবন ; পুরুষমানুষ ; দশানন ; দুধেভাতে ; পদ্মনাভ।

(গ) *যে কোনো চারটির* প্রত্যয় নির্ণয় করো ঃ ১×৪=৪

ঝাড়ন ; ভবদীয় ; কুড়ানি ; ডাক্তারি ; ঢাকনা ; খোদাই ; ঘরামি।

(ঘ) নিচের বাগ্‌বিধিগুলির অর্থ লেখো ও বাক্য রচনা করো ঃ *(যে কোনো দুটি)* ২×২=৪

পুকুর চুরি ; অন্ধের যষ্টি ; ধান ভানতে শিবের গীত ; গোঁফ খেজুরে।

(ঙ) নিচের *যে কোনো দুটি* প্রবাদের অর্থ লেখো ঃ ১×২=২

যেমন বুনো ওল তেমনি বাঘা তেঁতুল ; সস্তার তিন অবস্থা ; পাপের ধন প্রায়শ্চিত্তে যায় ; দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল ভালো।

১০। (ক) *যে কোনো একটি* বিষয় অবলম্বনে রচনা লেখো ঃ ১৫

*(ক)* অসমের বন্যা ও তার প্রতিকার।

*(খ)* সভ্যতার অগ্রগতিতে বিজ্ঞানের ভূমিকা।

*(গ)* সংবাদপত্র ও সাহিত্য।

*(ঘ)* শিক্ষার অঙ্গ হিসাবে দেশভ্রমণ।

(খ) সারাংশ লেখো ঃ ১০

সকল প্রকার কায়িক পরিশ্রম আমাদের দেশে অমর্যাদাকর বলিয়া বিবেচিত হইয়া আসিতেছে। শ্রম যে আত্মসম্মানের অনুমাত্রও হানিকর নহে বরং মানুষের শক্তি, সম্মান ও উন্নতির প্রকৃষ্ট ভিত্তি, এই বোধ আমাদের মধ্যে এখনও জাগে নাই। জগতের অন্যান্য মানব সমাজ শ্রম সামর্থ্যের উপর নির্ভর করিয়া সৌভাগ্যের সোপানে উঠিতেছে; আর আমরা কায়িক শ্রমকে ঘৃণা করিয়া দিন দিন দুর্গতি ও হীনতায় ডুবিতেছি। যাহারা শ্রমবিমুখ বা পরিশ্রমে অসমর্থ, জীবন-সংগ্রামে তাহাদের পরাজয় অনিবার্য। এই প্রতিদ্বন্দ্বিতার যুগে অযোগ্যের পরিত্রাণ নাই। যাহারা যোগ্যতম তাহারাই বাঁচিবার অধিকারী এবং অযোগ্যের উচ্ছেদ অবশ্যম্ভাবী। সুতরাং পরিশ্রমের অমর্যাদা আত্মহত্যারই নামান্তর।

*অথবা*

জগৎ জুড়িয়া এক জাতি আছে, সে জাতির নাম মানুষ জাতি,
এক পৃথিবীর স্তন্যে লালিত, একই রবি শশী মোদের সাথী।
শীততাপ ক্ষুধা তৃষ্ণার জ্বালা সবাই আমরা সমান বুঝি,
কচি কাঁচাগুলি ডাঁটো করে তুলি, বাঁচিবার তরে সমান যুঝি।
দোসর খুঁজি ও বাসর বাঁধি গো, জলে ডুবি, বাঁচি পাইলে ডাঙ্গা,
কালো আর ধলো বাহিরে কেবল, ভিতরে সবারি সমান রাঙা।
বাহিরের ছোপ আঁচরে সে লোপ, ভিতরের রঙ পলকে ফোটে,
বামুন, শূদ্র, বৃহৎ, ক্ষুদ্র, কৃত্রিম ভেদ ধুলায় লোটে।
রাগে অনুরাগে নিদ্রিত জাগে, আসল মানুষ প্রকট হয়,
বর্ণে বর্ণে নাই রে বিশেষ, নিখিল জগৎ ব্রহ্মময়।

——×——